

মানবতা-বিরোধী যে-সব আইনকানুন ইসলামে অনুপ্রবেশ করেছে তা কখনো কোরাণ-সুন্নাহ্ সম্মত নয়। সে-কথাটাই লেখক অজস্র দলিলের ভিত্তিতে প্রমাণ করেছেন।

— আরিফুল হক, বিশিষ্ট প্রাবন্ধিক, নাট্য ও সাংস্কৃতিক ব্যক্তিত্ব।

এই বই ইসলামের প্রতি নিবেদন, অথচ চিন্তাশীল একটি মনের প্রতিফলন, যাতে রয়েছে একদিকে ইসলামের সুমহান আদর্শ ও মূল্যবোধ আর অন্যদিকে ইসলামের নামে নানারকমের রীতি, প্রথা ও আইনের মধ্যে দুঃখজনক বাস্তবতার ব্যবধান তুলে ধরার আন্তরিক প্রয়াস।

— ডঃ ওমর ফারুক, ইসলামি চিন্তাবিদ, আপার আইওয়া বিশ্ববিদ্যালয়, আমেরিকা।

ইসলামের নামে মানুষের ওপরে অত্যাচার ও ইসলাম-বিকৃতির বিরুদ্ধে এই বই দলিলবদ্ধ ব্রহ্মাস্ত্র।

— আবদুল গাফফার চৌধুরী, লণ্ডন প্রবাসী কলাম লেখক ও সাহিত্যিক-সাংবাদিক।

একটি দীর্ঘ অনুপ্রাণিত বক্তৃতার মত, অসাধারণ তেজস্বী ভঙ্গিতে লেখা এ-বইটি ধার্মিক-অধার্মিক, মুসলমান-অসুমলমান, জামাতে ইসলামি, ছাত্রশিবির সহ সকল রাজনৈতিক দলের নেতা-কর্মী, স্কুল-কলেজ এমনকি মাদ্রাসার ছাত্র সহ লেখাপড়া জানা প্রত্যেক মানুষের পড়া উচিত।

— বেলাল বেগ, টিভি-প্রযোজক, কলাম লেখক ও সাহিত্যিক-সাংবাদিক।

এই বইটিতে তিনি (লেখক) কাঠামো নয় ইসলামের মূলবাণীর দিকে দৃষ্টিপাত করেছেন। শারিয়াকে বুঝার জন্যে বইটি একটি গুরুত্বপূর্ণ

দলিল। আমার বিশ্বাস বইটি আল্লাহ্ এবং ইসলামকে বুঝার ক্ষেত্রে মূল্যবান সহায়ক ভূমিকা রাখবে।

— রফিকুল ইসলাম, আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের স্বাপ্নিক ও রূপকার, ভ্যানকুভার, ক্যানাডা।